



বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)

Bangladesh Submarine Cable Company Limited (BSCCL)

(A Public Limited Company under Posts and Telecommunications Division of - MoPT & IT)


“প্রেস বিজ্ঞপ্তি”

SEA-ME-WE-4 সাবমেরিন ক্যাবল রক্ষণাবেক্ষণ কাজের জন্য

ইন্টারনেট সেবার সম্ভাব্য সাময়িক ব্যাহত হওয়া প্রসঙ্গে

ঢাকা, ৭ই মে, ২০১৯ খ্রি: বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, SEA-ME-WE-4 সাবমেরিন ক্যাবলের বাংলাদেশ ব্রাঞ্চে কক্সবাজার ল্যান্ডিং স্টেশন হতে তৃতীয় রিপিটার প্রতিস্থাপনের কাজটি ঘূর্ণিঝড় ফণীর কারণে রি-সিডিউল করে ৮ই মে, ২০১৯ খ্রি: তারিখে শুরু করা হবে। ফলে আগামী ৬/৭ দিন SMW-4 সাবমেরিন ক্যাবলের মাধ্যমে কক্সবাজার ল্যান্ডিং স্টেশন এ টার্মিনেটেড সার্কিটসমূহ বন্ধ থাকবে। তবে, উক্ত সময়ে SEA-ME-WE-5 সাবমেরিন ক্যাবল ও ITC অপারেটর সমূহের সার্কিটগুলি চালু থাকবে। এছাড়াও, আসন্ন রক্ষণাবেক্ষণ কাজ চলাকালীন সময়ে SEA-ME-WE-5 এর মাধ্যমে অতিরিক্ত ব্যান্ডউইড্থের সংযোগ প্রদানের কাজ সম্পন্ন করায় আন্তর্জাতিক ভয়েস, ডাটা ও ইন্টারনেট সার্ভিসে উল্লেখযোগ্য কোন সমস্যা হবে না। ইতিমধ্যে সংশ্লিষ্ট IGW, IIG এবং অন্যান্য টেলিকম সংস্থাকে বিএসসিসিএল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রেখে আন্তর্জাতিক সার্কিট চালু রাখার ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়েছে। রক্ষণাবেক্ষণ কাজ চলাকালীন দিনগুলোতে ইন্টারনেট গ্রাহকগণ সাময়িকভাবে কিছু কিছু ক্ষেত্রে ইন্টারনেটের সামান্য ধীরগতির সম্মুখীন হতে পারেন। এখানে উল্লেখ্য যে, ইতিমধ্যে কক্সবাজার ল্যান্ডিং স্টেশন হতে প্রথম রিপিটার প্রতিস্থাপনের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে।

উল্লিখিত রক্ষণাবেক্ষণকালীন সময় সম্মানিত গ্রাহকগণের সম্ভাব্য সাময়িক অসুবিধার জন্য বিএসসিসিএল কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।


মশিউর রহমান

ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)

ফোন- ৮৮৭৯১৯৫ (অফিস)

ফ্যাক্স- ৮৮৭৯১৯৩ (অফিস)

ই-মেইল: md.bscccl@bscccl.com.